



স্মারক : নোবিপ্রবি/এজি/২০২৪/২০২৯

তারিখ : ২২/১২/২০২৪ ইং

## স্নাতকোন্তর (মাস্টার্স) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের অক্টোবর-মার্চ সেমিস্টার ভর্তির পুনঃবিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিকালচার বিভাগে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে অক্টোবর-মার্চ সেমিস্টারের স্নাতকোন্তর (মাস্টার্স)-এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তিচ্ছুল শিক্ষার্থী অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে আগামী ২২ ডিসেম্বর ২০২৪ তারিখ থেকে ০৬ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে। আবেদন ফরমের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তিচ্ছুল শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভর্তি ফি জমা দিতে হবে।

### ভর্তির বিষয়:

০১। জেনেটিক্স এন্ড প্লান্ট ট্রিডিং।

০২। প্লান্ট বায়োকেমিস্ট্রি।

### ভর্তির যোগ্যতা:

০১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যেকোন পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা বিশ্ববিদ্যালয় মণ্ডলী কমিশন (UGC) কর্তৃক অনুমোদিত প্রাইভেট বিশ্ববিদ্যালয়/ইনসিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সমান)/সমমানের ডিগ্রীধারী হতে হবে।

০২। প্রার্থীর স্নাতক (সমান)/পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে শর্ত শিথিল যোগ্য।

আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত এবং বর্ণিত শর্তসমূহ প্রৱণ করতে হবে।

০১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার প্রেডশীট/ মার্কশীট এবং সাটিফিকেট এর সত্যায়িত কপি।

০২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।

০৩। ২(দুই) কপি পার্সপোট সাইজের সত্যায়িত রঙিন ছবি।

০৪। চাকুরিত প্রার্থীকে নিজ নিজে নিয়োগকর্তার নিকট হতে অধ্যায়নকালীন সময়ে ক্লাসে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারিতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থ্যাত ১২ (বার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।

০৫। ভর্তি ফরম ক্রয়ের রশিদ এর ফটোকপি।

০৬। ভর্তির আবেদন পত্রের সাথে চয়েস ফরম অবশ্যই দিতে হবে।

০৭। অন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের Appeared Certificate এহনযোগ্য নহে।

০৮। কেবলমাত্র সুপারভাইজারের নামসহ স্বাক্ষর সম্বলিত আবেদন সমূহ বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ের মাধ্যমে যথাযথ হওয়া সাপেক্ষে ভর্তির জন্য উপযুক্ত বলে বিবেচনা করা হবে।

০৯। ভর্তির পর শিক্ষার্থী চাকুরীর হলে নিয়োগ কর্তার নিকট হতে প্রয়োজনীয় সময়ের জন্য শিক্ষাছাত্রির আদেশ বিভাগে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১০। আবেদনকারী ইতিপূর্বে কোন বিশ্ববিদ্যালয়ে/শিক্ষাপ্রতিষ্ঠানে মাস্টার্স ভর্তিকৃত নহে কিংবা মাস্টার্স অধ্যয়ন চলমান নহে তার লিখিত নিশ্চয়তা দিতে হবে।

১১। প্রাথমিক যাচাই-বাছাই এর পর নির্বাচিতদের ভর্তি প্রক্রিয়া চূড়ান্ত করণের লক্ষ্যে নোবিপ্রবি আবেদনকারীদের মৌখিক এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ের আবেদনকারীদের মৌখিক ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। উল্লেখিত সেমিস্টারের জন্য যে সকল শিক্ষার্থী ভর্তির জন্য নির্বাচিত হয়েছেন তাদের পুনঃরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৩। ডাকযোগে পাঠানো আবেদন এহনযোগ্য নহে।

বিঃ দ্রঃ- অসম্পূর্ণ ও মিথ্যা তথ্য প্রদান করলে আবেদনপত্র ও ভর্তি বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে, এবং বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক সকল সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ধন্যবাদ।

ড. মোঃ আতিকুর রহমান স্টুডেন্ট  
চেয়ারম্যান ও আহবায়ক, ভর্তি কমিটি-(২০২৪-২৫)  
একাডেমিকালচার বিভাগ  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

### অনুলিপি :

১। তীন, বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি।

২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।

৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।

৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।

৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৬। উপচার্য মহোদয়ের একাত্ত সচিব, নোবিপ্রবি।

৭। বিভাগীয় নোটিশ বোর্ড।